



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মেঘনা, কুমিল্লা



স্মারক নং- ১৩.০১.১৯৭৫.০০০.৫৭.০০৮.২৩- ২০৪

তারিখঃ ১৫/০৫/২০২৩

**বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচীর ডিজিটাল ডাটাবেজ এর অবশিষ্ট ভোক্তার তালিকা হালনাগাদকরণ।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেঘনা উপজেলার খাদ্য বান্ধব কর্মসূচীর ডিজিটাল ডাটাবেজ কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে অধিকাংশ ভোক্তার যাচাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে কিছু ভোক্তা যাচাই কার্যক্রমে অংশগ্রহণ না করায় এবং ভিডালিউবি তালিকাভুক্ত থাকায় নতুন করে ভোক্তার তালিকার প্রয়োজন। সংযুক্ত ছক ও বাকী ভোক্তাদের সংখ্যা অনুযায়ী আগামী ২১/০৫/২৩ তারিখের মধ্যে তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

এখানে উল্লেখ্য যে, নিম্নোক্ত নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সংবলিত ছকে তথ্য প্রদান করতে হবে। আপনার ইউনিয়নের জন্য নির্ধারিত নতুন আপলোডযোগ্য গ্রাহকের সংখ্যা সংযুক্তি আকারে প্রদান করা হল। প্রতিটি তালিকার হার্ডকপিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের জনপ্রতিনিধি, ইউপি সচিব এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের তারিখ সংবলিত স্বাক্ষর প্রদান নিশ্চিত করতে হবে।

পূর্ণাঙ্গ তালিকাটিতে যাচাই বাছাই পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ খাদ্য বান্ধব কর্মসূচীর ট্যাগ অফিসারগণের প্রত্যয়নকৃত স্বাক্ষর গ্রহণ পূর্বক উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, মেঘনা, কুমিল্লা এর দপ্তরে নির্ধারিত সময়সীমার ভেতর প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ তথ্য প্রদান হেতু কার্ড বরাদ্দ এবং গ্রাহকের চাল বিতরণে ব্যর্থতায় দায় এড়ানোর সুযোগ নেই।

**সংযুক্তঃ ১.** সকল ইউনিয়নের অবশিষ্ট ভোক্তার তালিকা।

২. তালিকা প্রণয়নের জন্য নির্ধারিত ছক।

চেয়ারম্যান,

.....ইউনিয়ন পরিষদ, মেঘনা

*Abel emran*

(আবু সালেহ মোহাম্মদ ইমরান)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মেঘনা, কুমিল্লা।  
তারিখঃ ১৫/০৫/২০২৩

স্মারক নং- ১৩.০১.১৯৭৫.০০০.৫৭.০০৮.২৩- ২০৪

অনুলিপি সদয় অবগতির জন্য/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-১।
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেঘনা, কুমিল্লা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মেঘনা, কুমিল্লা।
- ৭। অফিস কপি।

তারিখঃ ০৮/০২/২০২৩

(আবু সালেহ মোহাম্মদ ইমরান)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মেঘনা, কুমিল্লা।  
তারিখঃ ০৮/০২/২০২৩